গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
www.rangunia.chittagong.gov.bd

চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার অক্টোবর, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব আতাউল গনি ওসমানী, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ও সময় ঃ ২৪/১০/২০২২ খ্রি., বেলা ১১.০০ টা।
সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা (পরিশিষ্ট - ক) দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শারদীয় দুর্গা উৎসব-২০২২ সুষ্ঠুভাবে উদ্‌যাপনে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সামাজিক ও সম্প্রীতি কমিটির নেতৃবৃন্দ যথাযথ ভাবে দায়িত্ব পালন করায় কৃতজ্ঞতা প্রকাশ করা করে সকলেই সার্বিক সহযোগিতা কামনা করে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। অতঃপর নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ** বিগত সেপ্টেম্বর, ২০২২ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ২ | **সিত্রাং ঘুর্ণিঝড় এর আবহাওয়া বার্তা সংক্রান্ত ঃ** সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, ঘুর্ণিঝড় চিত্রাং যে কোন সময় সাগর তীরবর্তী এলাকা আঘাত হানতে পারে মর্মে সরকার কর্তৃক বিজ্ঞপ্তি জারী করা হয়। স্ব-স্ব এলাকায় পাহাড়ের পাদদেশে বসবাসকারীগণ পাহাড় ধ্বসে জনসাধারণ যাতে ক্ষয়ক্ষতি না হয় সে বিষয়ে আগাম প্রস্তুতিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে আহ্বাণ জানানো হয় এবং উপজেলা প্রশাসন ত্রাণ সামগ্রীসহ শুকনো খাবার বিতরণের আগাম প্রস্তুতি গ্রহণ করেছে। | ঘুর্ণিঝড় চিত্রাং এ জনসাধারণ যাতে ক্ষয় ক্ষতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউ,পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকল। |
| ৩ | **উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ** উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় সভাপতি জানান আগামী জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে জঙ্গীবাদ/উগ্রবাদী সংগঠনসমূহ সোচ্চার হয়ে দেশে অপ্রীতিকর সন্ত্রাসী কর্মকান্ড ঘটাতে পারে আশংকা প্রকাশ করে স্ব-স্ব এলাকায় ইউনিয়ন সামাজিক সম্প্রতি কমিটির মাধ্যমে আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে আহ্বান জানানো হয়। শারদীয় দুর্গা উৎসব চালাকালিন সময়ে আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি আনাসার সদস্যসহ গ্রাম পুলিশগণ যথাযথ ভাবে দায়িত্ব পালন করেছেন মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়।<br>উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা জানান, আইন-শৃঙ্খলা রক্ষায় জনপ্রতিনিধগণ প্রয়োজনীয় সহযোগিতা করে যাচ্ছেন মর্মে কৃতজ্ঞতা প্রকাশ করে রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রাম নিম্নরুপে সেপ্টেম্বর ও অক্টোবর, ২০২২ পর্যন্ত অপরাধ চিত্র নিম্নমতে পেশ করা হয়। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে পুলিশী টহল জোরদারকরণ, স্ব-স্ব এলাকায় অপরাধের সহিত জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং ওয়ারেন্টভুক্ত আসামীদের গ্রেফতারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদানের জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানানো হয়। | অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দক্ষিন রাঙ্গুনিয়া থানা ও উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |

| ক্রঃনং | বিবরণ | সেপ্টেম্বর, ২২ সংখ্যা | অক্টোবর, ২২ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মাদক | ১১ | ৯ | |
| ২ | চুরি | ১ | ১ | |
| ৩ | সড়ক দুর্ঘটনা | ২ | ২ | |
| ৪ | অন্যান্য | ১০ | - | |
| ৫ | খুন | - | ১ | |
| | ধর্ষণ | - | ১ | |
| ১ | মাদক দ্রব্য | - | ১১ | |
| ২ | সিধেল চুরি | ১ | - | |
| ৩ | অপহরণ | ১ | ১ | |
| ৪ | অন্যান্য | ৬ | ৩৬ | |
| | মোট | ৩২ | ২২ | |

চলমান পাতা--২

CamScanner

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিস্তারিত আলোচনায় উভয় থানার অফিসার ইনচার্জ জানান, স্থানীয় জনপ্রতিনিধিগণ আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করায় উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।<br>উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ সভাপতি মহোদয়ের মতামতের সহিত একমত পোষণ করে আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে উপজেলা আইন-শৃঙ্খলা উন্নয়নে বাস্তব পদক্ষেপ গ্রহণসহ সন্ত্রাসী কার্মকান্ডে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য আহ্বান জানান। চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান, দলীয় পরিচয়ে সন্ত্রাসী কর্মকান্ডে জড়িতদের কোন প্রকার প্রশ্রয় দেয়া যাবে না। রাঙ্গুনিয়া বাসীর উন্নয়নে কোন অন্যায়কে প্রশ্রয় না দিয়ে ঐক্যমতের ভিত্তিতে জনকল্যাণ মূলক কার্যক্রম সুষ্টুভাবে সম্পাদনে জন্য সকলকে আহ্বান জানান।<br>থানার অপরাধ চিত্র বিষয়ে বিস্তারিত আলোচনায় পূর্বের তুলনায় মামলা সংখ্যা কমে আসছে, আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে পুলিশ বিভাগকে সার্বিক সহযোগিতা প্রদান করা হলে উপজেলার আরও অপরাধ কমে আসবে মর্মে উপস্থিত সকলেই একমত পোষণ করেন এবং অপরাধীদের আইনের আওতায় আনার লক্ষ্যে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদানের জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানানো হয়। | | |
| ৪ | **ঔষধ ও ভোগ্য পন্য সামগ্রীর বাজার দর স্থিতিশীল রাখা সংক্রান্ত ঃ**<br>সভাপতি জানান রাঙ্গুনিয়া উপজেলার জনসাধাণের ভোগ্য পণ্য সামগ্রীসহ দোকানে মেয়াদ উর্ত্তীণ ঔষধ (ফ্রিজাবসহ) বিক্রেতাগণ নির্ধারিত চাইতে মূল্যের অতিরিক্ত অর্থ আদায় করে থাকেন এ বিষয়ে বিভিন্ন জনের অভিযোগ রয়েছে। অনেক বিক্রেতা নিয়ম মতে ফ্রিজাব ঔষধ সমূহ ফ্রিজে না রেখে বাহিরে সংরক্ষণ করে। এ বিষয়ে তিনি স্ব-স্ব এলাকার সংশ্লিষ্ট বিক্রেতাগণকে নির্ধারিত মুল্যে ঔষধসহ ভোগ্য পণ্য সামগ্রী বিক্রয়ের পরামর্শ দেওয়ার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে আহ্বান করেন।<br>চেয়ারম্যান, চন্দ্রঘোনা ও স্বনির্ভর রাঙ্গুনিয়া জানান, বাজারের বিক্রেতাগণ ভোগ্যপণ্য সামগ্রীতে দর/মুল্যে ক্রেতাগণকে নানান ভাবে হয়রানি করছে এবং হোটেল মালিকগণ নিম্নমানের খাবার পরিবেশন করছে। এ বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নিবার্হী অফিসারের সদয় হস্তক্ষেপ কামনা করেন। নিম্নমানের খাবার পরিবেশনকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | উপজেলাা বাজার সমূহে ফ্রিজাব ঔষধ নিয়ম মতে সুষ্ঠ ভাবে সংরক্ষণ ও ভোগ্যপণ্য সামগ্রীর দাম স্থীতিশীল রাখা ও হোটেল রেস্তোরায় নিম্নমানের খাবার পরিবেশনকারীদের বিরুদ্ধে আইনগত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং স্ব-স্ব অধিক্ষেত্র এলাকায় ফ্রিজাব ঔষধ নিয়ম মতে সংরক্ষণের সংশ্লিষ্টদের পরামর্শ দেয়ার জন্য সকল ইউ,পি চেয়ারম্যান গণকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ৫ | **যানজট নিরসন ও মাত্রাতিরিক্ত গাড়ী ভাড়া আদায় সংক্রান্ত ঃ**<br>উপজেলার যানজট বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় চেয়ারম্যান, শিলক ও সরফভাটা জনান, ক্ষেত্র বাজার হতে সিএনজি ষ্টেশন ইত্যাদি চত্বর স্থানে নিয়ে আসলে জনসাধারণ চলাচলে চরম ভোগান্তি হতে মুক্তি পাবে। বালি ট্রাক চলাচলে নির্ধারিত সময় বেধে দিলে জনসাধারণের জানমাল রক্ষাসহ চলাচলের নানাবিধ ভোগান্তি কমবে। মরিয়মনগর, রোয়াজারহাট, গোডাউন, পোমরা এবং দঃ রাঙ্গুনিয়ায় ক্ষেত্র বাজারসহ যানজট কমানোর বিষয়ে প্রশাসন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতির সদয় দৃষ্টি আকর্ষন করা হলে অফিসার ইনচার্জ জানান, উপজেলা প্রশাসন অভ্যন্তরে যানজট কমানোর কার্যক্রম অব্যাহত রয়েছে। পুলিশ বিভাগ যানজট কমানোর কার্যক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণকালে দেখা যায়, সিএনজি চালকদের ৫০% বৈধ কাগজপত্র নেই। বৈধ কাগজপত্রবিহীন/অবৈধ ভাবে সিএনজি চালকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণকালে বিভিন্ন অবৈধ/লাইসেন্স বিহীন সিএনজি চালকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যায় না। এটি পুলিশ বিভাগ কর্তৃক যানজট নিরসনের বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের অন্তরায়। তিনি পুলিশী কার্যক্রমে সুপারিশ কিংবা বাধা না দিলে যানজট নিরসনের প্রচেষ্টা সফলতা আসবে মর্মে মতামত ব্যক্ত করে এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে অতিরিক্ত ভাড়া আদায় কার্যক্রম কমিয়ে আসবে মতামত ব্যক্ত করেন। | যানজট নিরসন ও মাত্রাতিরিক্ত গাড়ী ভাড়া আদায় কার্যক্রম বন্ধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধিদের অনুরোধ করা হয়। | |



CamScanner

| ঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৬ | **মাদক/ইয়াবা ব্যবহার নিয়ন্ত্রণ/চুরি-ডাকাতি রোধ সংক্রান্ত ঃ**<br>মাদক ব্যবহার নিয়ন্ত্রণ ও মাদক পাচার সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা পেশকৃত অপরাধ চিত্র বিশ্লেষণে দেখা যায়, পূর্বের তুলনায় অবৈধ মাদক ব্যবহার কার্যক্রম অনেক কমে আসছে। অবৈধ মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের কার্যক্রমে স্থানীয় জনপ্রতিনিধিগণের আন্তরিক সার্বিক সহযোগিতা পাওয়া গেলে উপজেলার বিভিন্ন অপরাধের কার্যক্রম কমে আসবে উপস্থিত সকলেই মতামত ব্যক্ত করেন। জনপ্রতিনিধিগণ মাদক ব্যবসায়ীদের সঠিক তথ্য দিলে উপজেলায় মাদক ব্যবসা জিরো টলারেন্সে নিয়ে আসা যাবে মতামত ব্যক্ত করা হয়। | মাদক/ইয়াবা ব্যবহার নিয়ন্ত্রণ-করণ, মাদক ব্যবসায়ী-দের সঠিক তথ্য দেয়া ও চুরি/ডাকাতি রোধ কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে সার্বিক সহযোগিতা করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পুলিশ বিভাগ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |
| ৭ | **ইভটিজিং কার্যক্রম বন্ধ ও বাল্য বিবাহ রোধ সংক্রান্ত ঃ**<br>ইভটিজিং/বাল্য বিবাহ সংক্রান্ত কার্যক্রম রোধকরণ বিষয়ে বিস্তারিত আলোচনায় চেয়ারম্যান, সরফভাটা জানান, বিগত মাসে সরফভাটায় একটি ইভটির্জিং কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের হস্তক্ষেপে বন্ধ করা হয়। উপজেলায় ইভটিজিং কার্যক্রম বন্ধে সার্বক্ষণিক সতর্ক নজর রাখার উপস্থিত সকলেই একমত পোষণ করেন। বাল্য বিবাহ রোধ কল্পে পৌর মেয়র/ইউ,পি চেয়ারম্যান/সাব-রেজিষ্টার ও ইসলামিক ফাউন্ডেশনসহ সামাজিক সচেতনতার জন্য সভা আহ্বানের মাধ্যমে বাল্য বিবাহ কিংবা ইভটিজিং রোধ হবে মর্মে আশা প্রকাশ করা হয়।<br>বিস্তারিত আলোচনায় বিবাহের ক্ষেত্রে এপিডেফিডের মাধ্যমে বিবাহ কার্যক্রমের আইনগত কোন ভিত্তি নেই। তিনি স্ব-স্ব ইউনিয়নে বাল্য বিবাহের সংবাদ পাওয়া গেলে তাৎক্ষণিক ভাবে উপজেলা প্রশাসনকে সরাসরি জানানোর জন্য সকলকে আহ্বান জানান। ইভটিজিং কিংবা বাল্য বিবাহ কার্যক্রম রোধে প্রশাসন ও জনপ্রতিনিধিসহ একযোগে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সকলেই একমত পোষণ করেন। | উপজেলার ইভটিজিং ও বাল্য বিবাহ কার্যক্রম রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পুলিশ বিভাগ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |
| ৮ | **বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত ঃ**<br>নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাঙ্গুনিয়া জোনাল অফিস সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, উপজেলা প্রশাসনের ও জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতায় পরিমিত লোড সেডিং কমে আসছে। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে পল্লী বিদ্যু কর্তৃপক্ষ অব্যাহত প্রচেষ্ঠা চালিয়ে যাচ্ছে। জাতীয় বিদ্যুৎ গ্রিডে সমস্যা হলে ঢাকা কর্তৃপক্ষ সরবরাহ লাইন বন্ধ করলে স্থানীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের করণীয় কিছু থাকে না মর্মে সভাকে অবহিত করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনায় সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, বর্তমান ডিজিএম সাহেব উপজেলার নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন। তিনি বিদ্যুৎ সরবরাহের কার্যক্রমের প্রতি ডিজিএমকে ধন্যবাদ জানান এবং নিরবচ্ছিন বিদ্যুৎ সরবরাহ কার্যক্রমে জনপ্রতিনিধিদের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, লোড সেডিং কমানো ও নামাজের সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বিদ্যুৎ কর্তৃপক্ষকে সহযোগিতা করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |
| | **রোহিঙ্গা বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ**<br>উপজেলার রোহিঙ্গা অবস্থান বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় উপজেলায় রোহিঙ্গা অবস্থানের বিষয়ে সঠিক তথ্য াওয়া গেলে সরেজমিনে তদন্ত সাপেক্ষে প্রশাসন পরবর্তী প্রয়োজনীয় বস্থা গ্রহণ করবে। উপজেলায় কোন রোহিঙ্গা যাতে ভোটার হতে না রে সে বিষয়ে সতর্ক নজর রাখার জন্য জনপ্রতিনিধিদের আহ্বান নানো হয় এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | উপজেলায় কোন রোহিঙ্গা অবস্থান বিষয়ে তথ্য পাওয়া গেলে উপজেলা প্রশাসনকে অবহিতকরণসহ ভোটার না করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউ,পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকল। |



CS CamScanner

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৮ | **অবৈধ ভাবে পাহাড় কর্তন বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ** সভায় অবৈধ ভাবে পাহাড় কাটা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। চেয়ারম্যান, পোমরা ইউ,পি জানান, তার ইউনিয়নে অবৈধ ভাবে পাহাড় কর্তনের কার্যক্রম চলছে সভাকে জানালে পোমরা ইউনিয়নে পাহাড় কর্তনের সহিত জড়িত ব্যক্তিকে মোবাইল কোর্ট আইনে = ১,০০,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়। পাহাড় কর্তনের বিষয়ে সংবাদ পাওয়া মাত্র আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। তিনি এ বিষয়ে সর্তক নজর রেখে পাহাড় কর্তন করা হলে তাৎক্ষণিক ভাবে প্রশাসনকে জানানোর জন্য সকলকে আহ্বান জানান এবং অবৈধ ভাবে পাহাড় কর্তন রোধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | অবৈধ ভাবে পাহাড় কর্তন রোধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভ সমাপ্তি ঘোষণা করা হয়।

আতাউল গনি ওসমানী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং-০২৩৩৪৪৫৯৬৬৯
ইমেইল: unorangunia@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৮.০৭৮.২০২২-১০১০

তারিখ: ০৮ কার্তিক, ১৪২৯ বঃ / ২৪ অক্টোবর, ২০২২ খ্রি

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহ্‌মুদ এম. পি, মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
৩। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম।

(১–৫: সদয় অবগতির জন্য।)

৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৭। উপজেলা /অফিসার ইনচার্জ,..............................................কর্মকর্তা (সকল)/থানা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৮। চেয়ারম্যান, .................................. ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৯। জনাব ........................................................................................... রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
১০। সভাপতি/সম্পাদক, একুশে পত্রিকা, চট্টগ্রাম।
১১। অফিস নথি।

CamScanner